

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.১৯.০১৭.২৭.০০৩.১৫(অংশ-১)১৩৩

তারিখ : ০১ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ।  
১৬ আগস্ট, ২০১৭ খ্রিঃ।

বিষয় : কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলার সাহেবাবাদ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ গোলাম মোস্তফা ছারোয়ার খান বেসরকারী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে অধিষ্ঠিত থাকাবস্থায় সাহেবাবাদ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর দায়িত্ব পালন আইনগতভাবে বৈধ হবে কিনা সে বিষয়ে আইনগত মতামত।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলার সাহেবাবাদ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, জনাব মোঃ গোলাম মোস্তফা ছারোয়ার খানের বিরুদ্ধে জনৈক মোঃ এম এইচ ফারুক কর্তৃক অভিযোগ উত্থাপনপূর্বক বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বরাবর আবেদন করে বিভিন্ন অভিযোগ উত্থাপন করেন (সংযুক্তি-০১)। আবেদনে উত্থাপিত অভিযোগের বিষয়ে তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে উপপরিচালক, স্থানীয় সরকার কুমিল্লাকে পত্র দেয়া হয় (সংযুক্তি-০২)। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা অভিযোগসমূহ তদন্তপূর্বক পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বরাবর প্রতিবেদন দাখিল করেন(সংযুক্তি-০৩)। প্রতিবেদনের মতামত/মন্তব্য নিম্নরূপঃ

সাহেবাবাদ ইউপি চেয়ারম্যান জনাব মোঃ মোস্তফা ছারোয়ার খান সাহেবাবাদ লতিফা ইসলামাইল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসেবে দায়িত্বপালন করা অবস্থায় ২০১৬ সালে অনুষ্ঠিত নির্বাচনে অংশগ্রহণ করে সাহেবাবাদ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হন এবং বর্তমানে উভয় পদে অধিষ্ঠিত আছেন তবে সাহেবাবাদ লতিফা ইসলামাইল উচ্চ বিদ্যালয় থেকে নিয়মিত বেতন ভাতা উত্তোলন করছেন। তিনি নির্বাচনী হলফনামায় সাহেবাবাদ লতিফা ইসলামাইল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব পালনের বিষয়টি নির্বাচনী হলফনামায় উল্লেখ করেন নাই। ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ২৬(ঙ) অনুযায়ী কোন ব্যক্তি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে থাকার যোগ্য হবেন না, যদি তিনি প্রজাতন্ত্রের বা পরিষদের বা অন্য কোন স্থানীয় কর্তৃপক্ষের কোন কর্মে লাভজনক সার্বক্ষণিক পদে অধিষ্ঠিত থাকেন। যেহেতু সাহেবাবাদ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ মোস্তফা ছারোয়ার খান একই সাথে সাহেবাবাদ ইউনিয়ন পরিষদ এবং সাহেবাবাদ লতিফা ইসলামাইল উচ্চ বিদ্যালয় উভয় প্রতিষ্ঠানে অধিষ্ঠিত আছেন তাই তিনি ইউপি চেয়ারম্যান হিসেবে পদে থাকতে পারেন না।


০২। সাহেবাবাদ ইউপি চেয়ারম্যান জনাব মোঃ মোস্তফা ছারোয়ার খান তার বক্তব্যে জানান যে, তিনি বিধি মোতাবেক উক্ত মাধ্যমিক বিদ্যালয় থেকে সরকারি অংশের বেতন ভাতা গ্রহণ করছেন। তবে ইউনিয়ন পরিষদ থেকে কোন বেতন ভাতা গ্রহণ করছেন না (সংযুক্তি-০৪)।

০৩। উল্লেখ্য, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২৬(২)(ঙ) “ ধারা ২৬(২) এ উল্লেখ রয়েছে যে (সংযুক্তি-০৫), কোন ব্যক্তি চেয়ারম্যান বা সদস্য পদে নির্বাচিত হইবার এবং থাকিবার যোগ্য হইবেননা, যদি- (ঙ) তিনি প্রজাতন্ত্রের বা পরিষদের বা অন্য কোন স্থানীয় কর্তৃপক্ষের কর্মে লাভজনক সার্বক্ষণিক পদে অধিষ্ঠিত থাকেন [‘লাভজনক পদ’ (Office of Profit) অর্থ: প্রজাতন্ত্র কিংবা সরকারী সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ কিংবা পাবলিক লিমিটেড কোম্পানী ও যে সকল কোম্পানীতে সরকারের ৫০% এর অধিক শেয়ারের মালিকানা আছে সে সকল কোম্পানীতে সার্বক্ষণিক বেতনভুক্ত অফিস, পদ বা অবস্থান]। অপরদিকে একই আইনের ৩৪(৪)(ঙ) এ উল্লেখ রয়েছে যে (সংযুক্তি-০৬), “কোন চেয়ারম্যান বা সদস্য তাঁর স্বীয় পদ হতে অপসারণযোগ্য হবেন, যদি তিনি-(ঙ) এই আইনের ধারা ২৬(২) অনুযায়ী নির্বাচনের অযোগ্য ছিলেন বলে নির্বাচনের পর যদি প্রমাণিত হয়।” ফলে জনাব মোঃ মোস্তফা ছারোয়ার খান সাহেবাবাদ লতিফা ইসলামাইল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে অধিষ্ঠিত থাকাবস্থায় সাহেবাবাদ ইউপির চেয়ারম্যান এর দায়িত্ব পালন আইনগতভাবে বৈধ হবে কিনা সে বিষয়ে আইনগত মতামত প্রয়োজন।

পরবর্তী পৃষ্ঠা-০২ দ্রষ্টব্য

০৪। এমতাবস্থায়, জেলা প্রশাসক, কুমিল্লা হতে প্রাপ্ত পত্রের কপি সংলগ্নীসহ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করত: কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলার সাহেবাবাদ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, জনাব মোঃ গোলাম মোস্তফা ছারোয়ার খান বেসরকারী উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে অধিষ্ঠিত থাকাবস্থায় সাহেবাবাদ ইউপির চেয়ারম্যান এর দায়িত্ব পালন আইনগতভাবে বৈধ হবে কিনা বা উভয় পদে দায়িত্ব পালন করায় তাঁর চেয়ারম্যান পদ শূন্য হবে কিনা, সে বিষয়ে আইনগত মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- সংযুক্তি : (ক) জেলা প্রশাসক, কুমিল্লা এর পত্রের ছায়ািলিপি-----পাতা।  
(খ) স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর কপি-----পাতা।  
(গ) জনৈক মোঃ এম এইচ ফারুক এর আবেদনের ছায়ািলিপি .....পাতা।  
(ঘ) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম এর পত্র .....পাতা।  
(ঙ) উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লার তদন্ত প্রতিবেদন.....পাতা।  
(চ) সাহেবাবাদ ইউপি চেয়ারম্যান জনাব মোঃ মোস্তফা ছারোয়ার খান এর জবাব.....পাতা।

  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব  
☎ ৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

সচিব  
আইন ও বিচার বিভাগ  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
ঢাকা।

অনুলিপি :

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
০২।  সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।